


[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।



(আবগারি শুল্ক ও মূল্য সংযোজন কর)

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং- ৪০/মূসক/২০২৪

তারিখঃ ১৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ।  
০৩ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ পবিত্র হজ্জ, ২০২৫ পালনের উদ্দেশ্যে সৌদি আরব গমনকারী হজ্জযাত্রীদের বিমান টিকিটের উপর প্রযোজ্য আবগারি শুল্ক এবং এম্বারকেশন ফি (BD), যাত্রী নিরাপত্তা ফি (P7) এবং এয়ারপোর্ট নিরাপত্তা ফি (P8) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

যেহেতু, উড়োজাহাজের ভাড়া প্রতিনিয়ত বৃদ্ধির কারণে পবিত্র হজ্জ পালনে ব্যয় বৃদ্ধি পাওয়ায় ধর্মপ্রাণ মুসলিমদের জন্য হজ্জ পালন ব্যয়বহুল ও কষ্টসাধ্য হইয়া পড়িয়াছে; এবং

যেহেতু, হজ্জ পালন সংক্রান্ত ব্যয়ের ক্ষেত্রে বিমান টিকিটের ভাড়া একটি গুরুত্বপূর্ণ খাত; এবং

যেহেতু, বিমান টিকিটের উপর প্রযোজ্য আবগারি শুল্ক এবং এম্বারকেশন ফি (BD), যাত্রী নিরাপত্তা ফি (P7) এবং এয়ারপোর্ট নিরাপত্তা ফি (P8) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হ্রাস বা অব্যাহতি প্রদান করা হইলে ধর্মপ্রাণ মুসলিমগণের হজ্জ পালন ব্যয়সাশ্রয়ী ও সহজ হইবে;

সেহেতু, হজ্জ পালনে ব্যয়সাশ্রয়ের বৃহত্তর উদ্দেশ্যে সরকারের গৃহীত অগ্রাধিকার নীতির আলোকে Excise and Salt Act, 1944 (Act No. I of 1944), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত এর section 12A (2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উক্ত Act এর FIRST SCHEDULE এর PART-II এর SERVICE এর টেবিলের কলাম (১) এর Service Code E033.00 এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সেবার ক্ষেত্রে পবিত্র হজ্জ, ২০২৫ পালনের উদ্দেশ্যে সৌদি আরব গমনকারী হজ্জযাত্রীদের বিমান টিকিটের উপর প্রযোজ্য সমুদয় আবগারি শুল্ক এবং পবিত্র হজ্জ, ২০২৫ পালনের উদ্দেশ্যে সৌদি আরব গমনকারী হজ্জযাত্রীদের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে এম্বারকেশন ফি (BD), যাত্রী নিরাপত্তা ফি (P7) এবং এয়ারপোর্ট নিরাপত্তা ফি (P8) এর উপর প্রযোজ্য সমুদয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে  
(মোঃ আব্দুর রহমান খান এফসিএমএ)  
চেয়ারম্যান

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।

[ তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো।


নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০৪৫.১৪/ ২২৬ (২২২)

তারিখঃ ০৩/১১/২০২৪ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (ক্ষেত্রে তার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ এ্যালিফেন্ট রোড, ঢাকা।
- ৪। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

- ৫-৭। সদস্য (শুদ্ধ নীতি)/ সদস্য (মুসক নীতি)/ সদস্য (মুসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।  
৮। মহা-পরিচালক, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।  
৯। পরিচালক, বাংলাদেশ হজ্জ অফিস, হাজী ক্যাম্প, এয়ারপোর্ট-দক্ষিণখান রোড, ঢাকা-১২৩০।  
১০-২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/  
চট্টগ্রাম/ কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।  
২২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তঁাকে উক্ত আদেশটি ওয়েবসাইটে আপলোডকরণের লক্ষ্যে  
প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।  
২৩। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থ উপদেষ্টার সদয় অবগতির জন্য)।  
২৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।  
২৫। দ্বিতীয় সচিব (মুসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

  
(ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুশী)  
প্রথম সচিব (মুসক নীতি)  
১২/১১/১৭